

## নতুন পদ্ধতিতে সহজে মিলবে শেনজেন ভিসা

- A Monitor Desk Report

Date: 24 July, 2025



ঢাকাঃ ইউরোপীয় ইউনিয়ন (ইইউ) সম্প্রতি 'ভিসা ক্যাসকেড' পদ্ধতি চালু করেছে, যা ইউরোপ ভ্রমণকারীদের জন্য এক দারুণ খবর। এই নতুন ব্যবস্থার অধীনে, যারা পূর্বে তাদের শেনজেন ভিসাগুলো সঠিকভাবে ব্যবহার করেছেন, তাদের জন্য দীর্ঘমেয়াদী ও একাধিকবার প্রবেশযোগ্য (মাল্টিপল-এন্ট্রি) শেনজেন ভিসা পাওয়া এখন অনেক সহজ হবে।

মধ্যপ্রাচ্যভিত্তিক সংবাদমাধ্যম বুধবার (২৩ জুলাই) এক প্রতিবেদনে জানিয়েছে, নতুন নিয়মটি বেশ সরল। গত তিন বছরে যারা দুটি স্বল্পমেয়াদী শেনজেন ভিসা সফলভাবে ব্যবহার করে ইউরোপ ভ্রমণ করেছেন, তারা এখন দুই বছরের মাল্টিপল-এন্ট্রি ভিসার জন্য আবেদন করতে পারবেন। এই দুই বছরের ভিসা যদি সঠিকভাবে ব্যবহৃত হয়, তাহলে পরবর্তী ধাপে পাঁচ বছরের মাল্টিপল-এন্ট্রি ভিসার জন্য আবেদন করার সুযোগ মিলবে। তবে, এই সুবিধা পেতে হলে আবেদনকারীর পাসপোর্টের মেয়াদ থাকতে হবে।

প্রাথমিকভাবে, ভারত, তুরস্ক এবং ইন্দোনেশিয়ার নাগরিকরা এই নতুন 'ভিসা ক্যাসকেড' সুবিধার আওতায় এসেছেন। এ দেশগুলোর নাগরিকরা সহজেই ভিসা পাবেন।

প্রতিবার শেনজেন ভিসার জন্য আবেদন করা এবং অ্যাপয়েন্টমেন্ট পাওয়া ছিল বেশ সময়সাপেক্ষ ও কষ্টকর। যাদের পূর্বের ভিসা সঠিকভাবে ব্যবহারের প্রমাণ আছে, আর্থিক সামর্থ্য ও ভ্রমণ বিমা আছে, তারা প্রয়োজনীয় নথি জমা দিয়ে কয়েক বছরের জন্য ইউরোপে বারবার প্রবেশের সুযোগ পাবেন। এতে তাদের সময়, অর্থ এবং ভিসা আবেদনের ঝামেলা অনেকটাই কমে যাবে।

যদিও এই সুবিধা এখনো সব দেশের নাগরিকদের জন্য চালু হয়নি, তবে ইউরোপীয় ইউনিয়ন আরও দেশকে এই সুবিধার আওতায় আনার পরিকল্পনা করছে।

